

বাংলাদেশ শিপিং কর্পোরেশন
শিপ স্টোর্স ম্যানেজমেন্ট বিভাগ।
দরপত্র আহ্বান ফরম।

সূত্র নং- ১৮.১৬.০০০০.৩৮৫.২১.০০৮.১৯

তারিখ: ১৯-০২-২০১৯খ্রি.

মেসার্স-----

চট্টগ্রাম।

প্রিয় মহোদয়গন,

বিষয়:- এম,টি, “বাংলার জ্যোতি”-জাহাজে জন্য Deck Consumable Stores সরবরাহের দরপত্র দাখিল করা প্রসঙ্গে।

এতদসঙ্গে সংযুক্ত তালিকা অনুযায়ী Deck Consumable Stores চট্টগ্রামে সরবরাহের নিমিত্তে এতদ্বারা PPA-2006 & PPR-2008 এর RFQM অনুসরণে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ২৬-০২-২০১৯খ্রিঃ তারিখ বেলা ১১.৩০ ঘটিকার মধ্যে জমা দিতে হইবে। প্রাপ্ত দরপত্র সমূহ একই তারিখ বেলা ১১.৩০ ঘটিকার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

নিম্নে বর্ণিত শর্ত/নিয়মানুসারে দরপত্র দাখিল করিতে হইবে অন্যথায়, উহা গ্রহনযোগ্য বলিয়া বিবেচিত হইবে না:-

- ০১। দরপত্রদাতা প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড (ছাপানো) প্যাডে টাইপকৃত দরপত্র ০৩ (তিন) কপি দাখিল করিতে হইবে। ঘষা-মাজা বা ফ্লুইড যুক্ত দরপত্র অথবা প্যাডের ফটোকপিতে দাখিলকৃত দরপত্র গ্রহনযোগ্য হইবে না। কাটাকাটির ক্ষেত্রে দরপত্র দাখিলকারীর স্বাক্ষর আবশ্যিক।
- ০২। মুখবন্ধ ও সীলমোহরকৃত খামে যথাযথ কর্তৃপক্ষের স্বাক্ষর সহকারে দরপত্র নির্দিষ্ট সময়ের মধ্যে বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম অফিসে জমা দিতে হইবে। খামের উপর স্পষ্ট অক্ষরে জাহাজ ও মালামালের প্রকৃতি উল্লেখ করিতে হইবে।
- ০৩। খামের উপর প্রতিষ্ঠানের সীলমোহর থাকিতে হইবে;
- ০৪। ক্রয়কারী সংস্থা প্রয়োজনে পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ এর ৭১(৪) অনুসারে যুক্তিসঙ্গত কারণে দরপত্র গ্রহণের সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে।
- ০৫। কর্পোরেশন দরপত্রের কেবল মাত্র একক মূল্য গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করে, ইউনিট হার বা মূল্য এবং মোট মূল্যের মধ্যে ব্যতিক্রমসমূহ ক্ষেত্রে, ইউনিট হার বা দাম প্রাধান্য পাইবে।
- ০৬। কর্পোরেশন কোনরূপ কারণ প্রদর্শন ব্যতিরেকেই যে কোন দরপত্র আংশিক কিংবা সম্পূর্ণ গ্রহন অথবা যে কোন বা সকল দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ০৭। দরপত্র খোলার পর উদ্ধৃত দরের কোনরূপ সংশোধন/পরিবর্তন গ্রহনযোগ্য হইবে না।
- ০৮। দরপত্রদাতাগণকে যোগ্যতার সমর্থনে বৈধ ভেভার লাইসেন্স, ট্রেড লাইসেন্স, আয়কর সনাক্তকরণ নম্বর (TIN), ভ্যাট নিবন্ধন নম্বর সংক্রান্ত দালিলিক প্রমাণাদি এবং আর্থিক স্বচ্ছলতার সমর্থনে ব্যাংকের সনদপত্রের ফটোকপি দরপত্রের সাথে দাখিল করিতে হইবে।
- ০৯। চট্টগ্রাম বন্দরে/বহিঃনোঙ্গরে সরবরাহের ক্ষেত্রে কোন বোট বা ট্রলার ভাড়া প্রদান করা হইবে না।
- ১০। কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) দিনের ভেতর জাহাজে সরবরাহ সম্পন্ন করিতে হইবে এবং সরবরাহের তারিখ হইতে ১৫(পনের) দিনের মধ্যে বিল অবশ্যই অত্র বিভাগে জমা দিতে হইবে।
- ১১। কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০১ দিনের ভিতর কার্যাদেশ ইস্যু করা হইবে, যা সরবরাহকারী কর্তৃক ক্রয়কারী সংস্থা সরবরাহ আদেশ অনুমোদনের চুক্তি সাপেক্ষে দলিল হিসাবে বিবেচিত হইবে।
- ১২। মালামাল সমূহ অবশ্যই Marine Standard হইতে হইবে।
- ১৩। কার্যাদেশ প্রাপ্তির পর মালামাল সমূহ অত্র সংস্থার রিসিভিং কমিটির সাথে যোগাযোগ করে কমিটি কর্তৃক প্রদর্শন/নিরীক্ষাকরণ পূর্বক সরবরাহ করিতে হইবে।

আপনাদের বিশ্বস্ত,
বাংলাদেশ শিপিং কর্পোরেশনের পক্ষে,

(আবদুল জাব্বার)
উপ-মহাব্যবস্থাপক(এসএসএম)

